ঝিনাইদহ শহরে পৃথক তিন স্থানে ককটেল বিস্ফোরণ

ঝিনাইদহ শহরে পৃথক তিন স্থানে ককটেল বিস্ফোরণ ঘটিয়েছে দুর্বৃত্তরা। আজ শনিবার (৬ জানুয়ারি) রাত ৯টা ১৫ মিনিটের সময় এ বিস্ফোরণ ঘটিয়ে পালিয়ে যায় দুর্বৃত্তরা।

জানা যায়, শহরের প্রাণ কেন্দ্র পায়রা চত্বরে দু’টি ও এইচএসএস সড়কের মূল রাস্তায় দুর্বৃত্তরা একটি ককটেল বিস্ফোরণ ঘটিয়ে পালিয়ে যায়। শীতের রাত হওয়ায় লোকজন চলাফেরা এমনিতেই কমছিল বলে কারা এ ধরনের ঘটনা ঘটিয়েছে তা জানা যায়নি।



তবে ঝিনাইদহ পবহাটি গ্রামের আব্বাস শেখ নামে এক ব্যক্তি পায়রা চত্বরের বিস্ফোরণে সামান্য আহত হয়েছেন বলে জানা গেছে।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন উদ্দীন জানান, নির্বাচনের বিরোধীরা এ ধরনের ঘটনা ঘটাতে পারে। তবে তদন্ত চলমান রয়েছে। এ ঘটনার সঙ্গে জড়িতরা কেউ রেহাই পাবে না।